

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ১৬, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহন মন্ত্রণালয়
টি এ শাখা
প্রজ্ঞাপন

তারিখ, ২৯ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/১২ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ।

এস, আর, ও নং ০৮-আইন/২০১৭।—The Ports Act, 1908 (Act No. XV of 1908) অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, section-4 এর sub-section (1) এর clause(a) sub-section (2) সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে মজু চৌধুরীরহাট নদী বন্দর এর সীমানা নির্ধারণ করিয়া উক্ত Act এর প্রয়োগ কার্যকর করিল, যথা :—

তফসিল

মজু চৌধুরীরহাট নদী বন্দর এর—

(ক) পশ্চিম সীমানা :

লক্ষ্মীপুর জেলার সদর উপজেলাধীন রহমতখালী খালের পশ্চিম মাথার উত্তর পাড়ে গুচ্ছগ্রাম ও দক্ষিণ পাড়ে লক্ষ্মীপুর জেলার সদর উপজেলাধীন বেচারটেক নামক স্থানে রহমতখালী খালের উপর দিয়ে উত্তর দক্ষিণে অতিক্রমকারী $৯০^{\circ} ৪৫' ৫৬''$ পূর্ব দ্রাঘিমাংশ পর্যন্ত বিস্তৃত;

(খ) পূর্ব সীমানা :

লক্ষ্মীপুর সদর উপজেলার রহমতখালী খালের উপর নির্মিত স্লুইস গেটের পাশ ঘেঁষে খালের দক্ষিণ পাড়ে চররমনী গ্রাম এবং উত্তর পাড়ে চর আলী হাসান নামক স্থানে খালের উপর দিয়ে উত্তর-দক্ষিণে অতিক্রমকারী $৯০^{\circ} ৪৭' ১৩''$ পূর্ব দ্রাঘিমাংশ পর্যন্ত বিস্তৃত;

(৬৫৭)

মূল্য : টাকা ৪.০০

(গ) ভূ-ভাগের সীমানা :

উপরি-উক্ত বন্দর সীমানার আওতায় রহমতখালী খালের উভয় তীরে সাধারণ ভরাকটাল (Ordinary Spring Tide) এর সময় বন্দর এলাকায় সর্বোচ্চ পানি সমতল (High Water Mark) হতে ভূ-ভাগের দিকে ৫০ (পঞ্চাশ) গজ পর্যন্ত বিস্তৃত।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস এম শাহ্ হাবিবুর রহমান হাকিম
সিনিয়র সহকারী সচিব।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ১৬, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

টি এ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২৯ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ/১২ জানুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ০৯-আইন/২০১৭।—The Ports Act, 1908 (Act No.XV of 1908) এর section 7 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, Bangladesh Inland Water Transport Authority (BIWTA) কে “মজু চৌধুরীরহাট নদী বন্দর” এর সংরক্ষক (conservator) হিসাবে এতদ্বারা নিযুক্ত করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস এম শাহ্ হাবিবুর রহমান হাকিম
সিনিয়র সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৬৫৯)

মূল্য : টাকা ৪.০০